গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

# সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৯/১২/২০২২ তারিখ বেলা ১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় । |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) । |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) বিগত ২৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয় সভার কার্যপত্র উপস্থাপন করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাভিত্তিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

৪। সাধারণ বিষয়াদি:

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কার্যক্রম | মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি ব্যতীত সকল দপ্তর/সংস্থা ২০২২-২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন APMS সফটওয়্যারে দাখিল এবং পরবর্তী ত্রৈমাসিক প্রতিবেদনের APA এর প্রমাণক যথাযথভাবে প্রস্তুত, সংরক্ষণ ও প্রমাণকসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে সফটওয়্যারে দাখিল এর বিষয়ে আলোচনা করা হয়েছে। উল্লেখ্য, মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থা নিয়মিতভাবে এপিএ'র মাসিক প্রতিবেদন দাখিল করেছে। | মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি ব্যতীত সকল দপ্তর/সংস্থা কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন APMS সফটওয়্যারে দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়। | অতিঃ সচিব (প্রশাসন), সকল সংস্থা প্রধান / উপসচিব (প্রশাসন-১) |
| ৪.২ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | মৎস্য অধিদপ্তর, বিএলআরআই ও বিএফআরআই-কে SDG ডাটা ট্র্যাকারে হালনাগাদ ডাটা প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়। নির্দেশনা মোতাবেক হালনাগাদ ডাটা ট্র্যাকারে প্রদান করছে। তবে অভীষ্ট-১৪ এর ৩টি সূচকের কোন বেইজ লাইন ডাটা না থাকায় তা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। এর অংশ হিসেবে গত ১৪-১৫ ডিসেম্বর/২০২২ তারিখে অনুষ্ঠিত ডাটা প্রণয়ন সংক্রান্ত কর্মশালার বিষয়ে আলোচনা করা হয়েছে। | SDG ট্র্যাকারে নিযমিত হালনাগাদ ডেটা প্রদানের জন্য মৎস্য অধিদপ্তর, বিএফআরআই এবং বিএলআরআই-কে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া SDG-এর অগ্রগতি বিষয়ে সভা/কর্মশালা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | ফোকাল পয়েন্ট)/সংস্থা প্রধান/ উপসচিব (প্রশা-১) |
| ৪.৩ | সেবা-পদ্ধতি সহজিকরণ | দপ্তর/সংস্থা কর্তৃক সেবাপ্রদান কার্যক্রম সংক্রান্ত প্রেরিত তথ্য/সেবাসমূহের নাম সুস্পষ্টভাবে উল্লেখ না থাকায় আলোচনা বিঘ্নিত হয়। পরবর্তী সভার জন্য প্রেরিত তথ্যে সেবাপ্রদান সংক্রান্ত কার্যক্রম/ | দপ্তর/সংস্থা কর্তৃক সেবাপ্রদান কার্যক্রম সংক্রান্ত প্রেরিত তথ্য/ সেবাসমূহের নাম সুস্পষ্টভাবে উল্লেখকরতঃ অগ্রগতি | সংস্থা প্রধান |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সেবাসমূহের নাম সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৪.৪ | ই-সেবা প্রবর্তন | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক দপ্তর/সংস্থা কর্তৃক বাৎসরিক অন্তত ০১ টি করে ই-সেবা প্রবর্তন, অন্তত ০১ টি করে সেবা সহজীকরণ, দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত ই-সেবা সহজীকরণ বিষয়ে প্রচার-প্রচারণা বৃদ্ধিসহ ই-সেবাসমূহ নিয়মিত হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে হতে ০৮ টি সার্ভিসের মধ্যে ৩৪টি মডিউলের কার্যক্রম সম্পন্ন হলে দপ্তর/সংস্থার অনেক কার্যক্রম এ সফটওয়্যারের আওতায় ই-সেবায় রূপান্তরিত হওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক দপ্তর/সংস্থা কর্তৃক বাৎসরিক অন্তত ০১ টি করে ই-সেবা প্রবর্তন, অন্তত ০১ টি করে সেবা সহজীকরণ এবং এ সংক্রান্ত প্রচার-প্রচারণা বৃদ্ধিসহ ই-সেবা নিয়মিত হালনাগাদ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্থা প্রধান |
| ৪.৫ | তথ্য-বাতায়ন হালনাগাদকরণ | মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের জেলা মৎস্য/প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর ও উপজেলা মৎস্য/প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তরের কর্মকর্তাগণের তথ্য হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম জরুরিভিত্তিতে সম্পন্ন করা এবং এতদসংক্রান্ত কার্যক্রম চলমান রাখার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া তথ্যবাতায়নে কর্মকর্তাদের মোবাইল নম্বর ও ব্যক্তিগত ই-মেইল এর পরিবর্তে অফিসিয়াল মেইল আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। | মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের জেলা মৎস্য/ প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর ও উপজেলা মৎস্য/প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তরের কর্মকর্তাগণের তথ্য হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম জরুরিভিত্তিতে সম্পন্ন করা এবং এতদসংক্রান্ত কার্যক্রম চলমান রাখা ও তথ্যবাতায়নে কর্মকর্তাদের মোবাইল নম্বর ও ব্যক্তিগত ই-মেইল এর পরিবর্তে অফিসিয়াল মেইল আপলোডের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান ও সিস্টেম এনালিস্ট |
| ৪.৬ | আইন/ বিধিমালা প্রণয়ন | **এ মন্ত্রণালয়ের কার্যক্রম সংশ্লিষ্ট নিম্নবর্ণিত আইন ও বিধিমালাসমূহ প্রণয়ন বিষয়ে অগ্রগতি নিম্নরূপ:**<br>**(ক) "বাংলাদেশ পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ (সংশোধন) আইন, ২০২২":** পশু ও পশুজাত সঙ্গ নিরোধ আইন, ২০২২ এর খসড়া মন্ত্রিপরিষদ-বৈঠকে বিগত ১৬/১১/২০২২ তারিখে আহ্বায়ক, আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি ও অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>(খ). **''বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০২২'':** খসড়া আইনটি ভেটিং এর ২১/১১/২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়েছে।<br>**(গ) বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০২২** মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তের আলোকে খসড়া আইনটি প্রণয়নপূর্বক ভেটিং এর প্রয়োজনীয় | (ক) ''পশু ও **পশুজাত পণ্য সঙ্গনিরোধ** আইন, এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) খসড়া আইনটি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) খসড়া আইনটি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে | উপসচিব (আইন)/ সংস্থা প্রধান |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থা গ্রহণের জন্য ২২/১১/২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ এবং যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়েছে। | যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৪.৭ | জেলা/উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন | এপিএ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত প্রতিমাসে নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখা, বিশেষত বিএলআরআই এর আঞ্চলিক অফিসসমূহ পরিদর্শন এর বিষয়ে আলোচনা করা হয়। | এপিএ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত প্রতিমাসে নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখা এবং জেলা/উপজেলা অফিস ও প্রকল্প পরিদর্শন সংক্রান্ত তথ্য ইতোমধ্যে মন্ত্রণালয় হতে প্রেরিত সংশোধিত পরিদর্শন ছক মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ, বিশেষত বিএলআরআই এর আঞ্চলিক অফিসসমূহের পরিদর্শন প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান |
| ৪.৮ | অডিট আপত্তি | প্রকিউরমেন্ট সংশ্লিষ্ট অডিট আপত্তির ক্ষেত্রে গুরুত্ব প্রদান, অডিট আপত্তির জবাব প্রদানে অফিস প্রধানগণ কর্তৃক যথাযথ প্রমাণকসহ সুস্পষ্ট জবাব প্রদান এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে যোগাযোগ করে ত্রিপক্ষীয় সভা আয়োজনে বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া দপ্তর/সংস্থার ক্রয় সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ, এতদসংশ্লিষ্ট বিষয়ে মাঠপর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | প্রকিউরমেন্ট সংশ্লিষ্ট অডিট আপত্তির ক্ষেত্রে গুরুত্ব প্রদান, অডিট আপত্তির জবাব প্রদানে অফিস প্রধানগণ কর্তৃক যথাযথ প্রমাণকসহ সুস্পষ্ট জবাব প্রদান এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে যোগাযোগ করে ত্রিপক্ষীয় সভা আয়োজন, দপ্তর/সংস্থার ক্রয় সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরনের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সংস্থা প্রধান/ সহকারী সচিব (প্রশাসন-৪) |
| ৪.৯ | মামলা নিষ্পত্তি | উচ্চ/নিম্ন আদালতসমূহে অনিষ্পন্ন মামলা নিষ্পত্তির ক্ষেত্রে আদালতের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখা এবং মামলা দ্রুত নিষ্পত্তিতে উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | অনিষ্পন্ন মামলা নিষ্পত্তির ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্থা প্রধান (সকল), যুগ্মসচিব (আইন) |
| ৪.১০ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | পেনশন কেইসসমূহের বিষয়ে সঠিক ও স্বয়ংসম্পূর্ণ তথ্য উপস্থাপন এবং দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। পেনশনের আবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অতি দ্রুত সময়ে সকল কাগজপত্র যাচাই করে অডিট আপত্তির বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করার বিষয়ে আলোচনা করা হয়। | পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিতে পেনশনের আবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অতি দ্রুত সময়ে সকল কাগজপত্র যাচাই করে অডিট আপত্তির বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করে পাঠানোর নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১১ | ই-নথি | ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি বিষয়ক আলোচনা করা হয়। মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এবং মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। | এ মন্ত্রণালয় এর অধীনস্থ সংস্থায় ১০০% ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। বিশেষত মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এবং মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর কার্যক্রম বৃদ্ধিতে প্রয়োজনে মন্ত্রণালয়ের আইসিটি অনুবিভাগের সাথে যোগাযোগ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | অনুবিভাগ প্রধান (সকল)/ সংস্থাপ্রধান |
| ৪.১২ | ইনোভেশন | (ক) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে দপ্তর/সংস্থার ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তাদের সমন্বয়ে ইনোভেশন সংক্রান্ত সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।<br>(খ) এছাড়া দপ্তর/সংস্থাওয়ারী ১টি করে ইনোভেশন ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) দপ্তর/সংস্থার ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তাদের সমন্বয়ে ইনোভেশন সংক্রান্ত সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয় এবং (খ) দপ্তর/সংস্থাওয়ারী ১টি করে ইনোভেশন ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | চীফ ইনোভেশন অফিসার (মওপ্রা.)/ সংস্থাপ্রধান |
| **৪.১৩** | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০৩/০৭/২০২২ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয় করে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০৩/০৭/২০২২ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয়ের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৪.১৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল | ২০২২-২৩ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচকসমূহ যথাযথভাবে বাস্তবায়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আগামী ১০/০১/২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আগামী ১০/০১/২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | অতিঃসচিব (প্রশাসন) সংস্থা প্রধান / |
| ৪.১৫ | অভিযোগ নিষ্পত্তি | সিটিজেন চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তি করতঃ সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | সিটিজেন চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তি করতঃ সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান |
| ৪.১৬ | অনিষ্পন্ন পত্র/বিষয় | বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করা এবং অনিষ্পন্ন পত্রের হালনাগাদ তালিকা নিয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) সমন্বয় সভার ০১ সপ্তাহ পূর্বে সভা করার বিষয়ে আলোচনা করা হয়। | বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করা এবং অনিষ্পন্ন পত্রের হালনাগাদ তালিকা নিয়ে অতিরিক্ত সচিব | সংস্থা প্রধান (সকল)/GRS ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | (প্রশাসন) সমন্বয় সভার ০১ সপ্তাহ পূর্বে সভা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪.১৭ | নিয়োগ সংক্রান্ত | (ক) মৎস্য অধিদপ্তরঃ মৎস্য অধিদপ্তরের নবসৃষ্ট পদসমূহের বিষয়ে আলোচনা করা হয়।<br>**(খ) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** নিয়োগ বিধিতে যে দুটি পদ নেই তা বাদ রেখে অবশিষ্ট ২০২ টি পদে নিয়োগের লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং করে আনার এবং অন্যান্য শূণ্যপদ পদোন্নতির মাধ্যমে পূরণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(গ) **বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট:** শূন্যপদ পূরণে গত ০৩/১১/২০২২ তারিখ ০৪টি পদে নিয়োগের বিষয়ে ডিপিসি-৩ এর সভার বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঘ) **বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট:** শূন্যপদে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম দ্রুত শেষ করার বিষয়ে আলোচনা করা হয়। | (খ) নিয়োগ বিধিতে যে দুটি পদ নেই তা বাদ রেখে অবশিষ্ট ২০২ টি পদে নিয়োগের লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং করে আনার এবং অন্যান্য শূণ্যপদ পদোন্নতির মাধ্যমে পূরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) শূণ্যপদ দ্রুত পূরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) শূণ্যপদ পরীক্ষা কার্যক্রম শেষ করার তাগিদ দেয়ার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.১৮ | বিবিধ | (খ) দপ্তর/সংস্থার উচ্চশিক্ষার্থে দেশে/বিদেশে অবস্থানকারী কর্মকর্তাদের মাস্টার্স/পিএইচডি কোর্স সম্পন্নকরণের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত প্রস্তাব কোর্স সমাপ্তির কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | (খ) দপ্তর/সংস্থার উচ্চশিক্ষার্থে দেশে/বিদেশে অবস্থানকারী কর্মকর্তাদের মাস্টার্স/পিএইচডি কোর্স সম্পন্নকরণের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত প্রস্তাব কোর্স সমাপ্তির কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০১/২৩

(ড. নাহিদ রশীদ)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়